

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা : কারিগরি-৩
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫১.০১.০০৬.১৮-৭২৬

তারিখঃ ২৯ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব মো: আব্দুল কাইয়ুম মিনা, ইন্সট্রাক্টর (রসায়ন) গত ০৪.০৮.২০১৮ খ্রি. তারিখে হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজে ক্লাশ চলাকালিন মো: মঈন উদ্দিন, শ্রেণি-নবম, ট্রেড-ফার্ম মেশিনারী, রোল-১৮৭৪১৫ দুট্টুমি করে টেবিলে হাত দিয়ে শব্দ করায় রাগান্বিত হয়ে টেবিলের উপর রাখা বিকারের তরল রাসায়নিক পদার্থ ছাত্রের গায়ে ছুড়ে মারেন এবং এ অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

এবং যেহেতু, উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানে উত্তেজনা সৃষ্টি হলে পুলিশ এসে ঘটনাস্থল থেকে তাৎক্ষণিকভাবে আপনাকে আটক করে এবং আপনার বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করে জেল হাজতে প্রেরণ করে;

এবং যেহেতু, আপনি সরকারি দায়িত্বপালনে প্রতিষ্ঠানে স্বেচ্ছাচারিতা'র মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছেন ;


এবং যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর পর্যায়ভুক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজুসহ এ পর্যায়ে জনস্বার্থে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও আবশ্যিক বলে প্রতীয়মান হয়েছে ;

সেহেতু, ফৌজদারী মামলায় আটক থাকায় বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধি অনুযায়ী ০৪.০৮.২০১৮ খ্রি. তারিখ হতে ভূতাপেক্ষভাবে আপনাকে সরকারি চাকুরী হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হলো এবং একইসাথে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২। সাময়িক বরখাস্তকালে (Suspension Period) বিধি মোতাবেক খোরাকী ভাতাসহ (Subsistence Allowance) অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



০৫.৯.২০১৮
(মোঃ আলমগীর)
সচিব

নং- ৫৭.০০.০০০০.০৫১.০১.০০৬.১৮-৭২৬

তারিখঃ ২০ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, হবিগঞ্জ।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হবিগঞ্জ।
- ১০। জনাব মোঃ আব্দুল কাইয়ুম মিনা, ইন্সট্রাক্টর (রসায়ন), হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, হবিগঞ্জ।
- ১১। অফিস কপি।



(মোঃ আব্দুর রহিম)
উপসচিব (কারিগরি-৩)
ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬